

## যুব উন্নয়ন অধিদপ্তর সম্পর্কে জানা ও অজানা প্রশ্ন

প্রশ্ন: যুব উন্নয়ন অধিদপ্তর কত সালে প্রতিষ্ঠিত হয়?	উত্তর: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৭৮ সালে যুব উন্নয়ন মন্ত্রণালয় সৃষ্টি করে যা পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হিসেবে পুনঃনামকরণ করা হয়। মাঠ পর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৯৮১ সালে যুব উন্নয়ন অধিদপ্তর গঠন করা হয়।
প্রশ্ন: যুব উন্নয়ন অধিদপ্তর এর রূপকল্প (Vision) কি?	উত্তর: বাংলাদেশের উন্নয়ন ও গৌরব বৃদ্ধিতে সক্ষম, নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন আধুনিক জীবনমনস্ক যুবসমাজ।
প্রশ্ন: যুব উন্নয়ন অধিদপ্তর এর অভিলক্ষ্য (Mission) কি?	উত্তর: জীবনের সর্বক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়ন নিশ্চিত করা।
প্রশ্ন: যুব উন্নয়ন অধিদপ্তর এর উদ্দেশ্য কি?	উত্তর: ক) উদ্ভুদ্ধকরণ, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ এবং অন্যান্য প্রয়োজনীয় সহায়তার মাধ্যমে যুবদের কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত করাসহ দেশের উন্নয়ন প্রক্রিয়ার প্রতিটি সত্মরে তাদের সম্পৃক্ত করা। খ) বেসরকারি স্বেচ্ছাসেবী যুবসংগঠনের মাধ্যমে গোষ্ঠি উন্নয়নে সহায়তা করার জন্য যুবদের বিভিন্ন গ্রনপে সংগঠিত করা। গ) স্থানীয় পর্যায়ে যুবসংগঠনের সংখ্যা বৃদ্ধি করা এবং অংশগ্রহণমূলক উন্নয়ন প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করা। ঘ) যুবদের গণশিক্ষা কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পরিবেশ উন্নয়ন, সম্পদ সংরক্ষণ ইত্যাদি আর্থ-সামাজিক কার্যক্রমে সম্পৃক্তকরণ এবং সমাজবিরোধী কার্যকলাপ, মাদক দ্রব্যের অপব্যবহার, এইচআইভি/এইডস এবং এসটিডি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। ঙ) যুবদের ক্ষমতায়ন এবং সিদ্ধামত্ম গ্রহণমূলক প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
প্রশ্ন: যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তার পদবী কি?	উত্তর: মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তা।
প্রশ্ন: যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান প্রধান কাজ কি কি?	উত্তর: বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যবন্টন (রম্বলস অব বিজনেসের ১নং তফসিল) অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তরের উপর নিমণবর্ণিত

<p>কার্যাদি অর্পিত হয়েছেঃ</p> <p>যুবদের কল্যাণ, প্রশিক্ষণ ও অন্যান্য বিষয়ক কার্যাদি।</p> <p>উন্নয়নমূলক কাজে যুবদের স্বৈচ্ছায় অংশগ্রহণে উৎসাহিত করা।</p> <p>যুবদের কল্যাণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখা।</p> <p>প্রকল্পের জন্য অর্থ মঞ্জুরি।</p> <p>যুব পুরস্কার প্রদান।</p> <p>যুবদেরকে দায়িত্বশীল, আত্মবিশ্বাসী এবং অন্যান্য মানবিক গুণাবলি অর্জনে উৎসাহ প্রদানের জন্য কর্মসূচি গ্রহণ।</p> <p>যুব উন্নয়ন কার্যক্রমের উপর গবেষণা ও জরিপ। ঃবেকার যুবদের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।:</p>
<p>প্রশ্ন: সাংগঠনিক কাঠামোর</p> <p>উত্তরঃ মহাপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তা। তাঁকে সহায়তা করেন ০৬(ছয়) জন পরিচালক, বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ। অধিদপ্তরের আওতায় দেশের ৬৪টি জেলা, ৪৮৬টি উপজেলা এবং ১০টি মেট্রোপলিটন ইউনিট থানা কার্যালয় রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সারা দেশে ১১১টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। এছাড়া আরো ১১টি জেলায় ১১টি যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ বাসত্বাবায়নাধীন আছে। অধিদপ্তরের কার্যক্রম পরিচালনার জন্য রাজস্ব এবং সমাপ্ত প্রকল্প ও চলমান উন্নয়ন প্রকল্পে মোট ৭০৮০ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন।</p>

প্রশ্ন ঃ উপজেলা সাংগঠনিক কাঠামো

উত্তর ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা -১ জন

সহকারী উপজেলা কর্মকর্তা -৩ জন

ক্যাশিয়ার - ১ জন

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর -১ জন

অফিস সহায়ক - ১ জন

মোট ৭ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে।